

আট দিন বন্ধ একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম

নিজস্ব প্রতিবেদক

২১ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



গাজীপুরে শহীদ তাজউদ্দীন আহমদ নার্সিং কলেজে একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম টানা আট দিন ধরে বন্ধ রয়েছে। গত ১৩ আগস্ট থেকে বিভিন্ন দাবিতে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ডাক দেন ওই নার্সিং কলেজের শিক্ষার্থীরা। গতকাল বুধবারও শিক্ষার্থীরা নার্সিং কলেজের ফটকের সামনে কলাপসিবল গেট লাগিয়ে ‘কমপ্লিট শাটডাউন’ লেখা ব্যানার টানিয়ে দিয়ে এই আন্দোলন করেন। সেই সঙ্গে কলেজের প্রধান ফটকে তালা ঝুলিয়ে রাখেন। এর আগে গত ২ আগস্ট শিক্ষার্থীরা কলেজের অধ্যক্ষের মাধ্যমে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মহাপরিচালক বরাবর স্মারকলিপি দেন। ষ গাজীপুর সংবাদদাতা